

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নিবন্ধন পরিদপ্তর  
১৪, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

স্মারক নং-নিপ/রেজিঃ শাখা-৫ (বিবিধ)/৩৩৭৯ (৬১)

তারিখঃ ৩/৩/১১ ইং

প্রেরক : মহা-পরিদর্শক, নিবন্ধন (চলতি দায়িত্ব)  
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : জেলা-রেজিস্ট্রার, .....(সকল)

বিষয় : ৫২ ধারা রশিদ বহিতে মূল দলিল পক্ষগণকে ফেরত দেওয়ার নিমিত্তে সম্ভাব্য তারিখের কলাম পূরণ প্রসঙ্গে।

বিভিন্ন সূত্রে প্রাপ্ত তথ্যে জানা যায় যে, দলিল রেজিস্ট্রেশনের জন্য গৃহীত হওয়ার পর দলিলের পক্ষগণ প্রদত্ত ৫২ ধারা রশিদে মূল দলিল ফেরত প্রদানের সম্ভাব্য তারিখের কলামটি কোন কোন অফিস কর্তৃক পূরণ করা হয় না। যাহার ফলে দলিলের পক্ষগণ নানাবিধ সমস্যার সম্মুখীন হন।

এমতাবস্থায়, উক্ত ৫২ ধারার রশিদে দলিল ফেরত দেওয়ার সম্ভাব্য তারিখের কলামটি (Probable date on which document may be ready for return) পূরণের জন্য বিশেষভাবে নির্দেশ দেওয়া হইল।

বিষয়টি তাহার অধীনস্থ সকল কর্মকর্তাকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

স্বা:

০৩/০৩/১১

(মুন্সী নজরুল ইসলাম)

মহা-পরিদর্শক, নিবন্ধন (চলতি দায়িত্ব)

বাংলাদেশ, ঢাকা।